



বাংলাদেশ

গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারী ২৮, ২০০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাণিজ্য মন্ত্রণালয়  
অবা-১ শাখা।

আদেশ

তারিখ, ১৫ মাঘ ১৪১০/২৮ জানুয়ারী ২০০৮

এস, আর, ও নং ২০-আইন/২০০৮।—যেহেতু ভিয়েতনাম, তাইওয়ান, থাইল্যান্ড, দক্ষিণ কোরিয়া, জাপান, মালয়েশিয়া ও পাকিস্তানে বার্ড ফ্রু এর প্রাদুর্ভাব দেখা দিয়াছে :

এবং যেহেতু সরকার উক্ত রোগের কারণে পার্শ্ববর্তী দেশ ভারতসহ ৮টি দেশ হইতে ১ (এক) দিনের মুরগীর বাচ্চা, মুরগীর ডিম, হিমায়িত মুরগীর মাংস, মুরগী হইতে সকল প্রকার উৎপন্ন দ্রব্যাদি (বায়োলজিক্যাল প্রডাক্টসসহ), পোষ্য ও বন্য পাখী সাময়িকভাবে ২ (দুই) মাসের জন্য (২১ মার্চ, ২০০৮ পর্যন্ত) আমদানী স্থগিত করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে :

সেহেতু Imports and Exports Control Act, 1950 (XXXIX of 1950) এর section-3 এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার ভিয়েতনাম, তাইওয়ান, থাইল্যান্ড, দক্ষিণ কোরিয়া, জাপান, মালয়েশিয়া, পাকিস্তান ও ভারত হইতে ১ (এক) দিনের মুরগীর বাচ্চা, মুরগীর ডিম, হিমায়িত মুরগীর মাংস, মুরগী হইতে সকল প্রকার উৎপন্ন দ্রব্যাদি (বায়োলজিক্যাল প্রডাক্টসসহ), পোষ্য ও বন্য পাখী সাময়িকভাবে ২ (দুই) মাসের জন্য (২১ মার্চ, ২০০৮ পর্যন্ত) আমদানী নিষিদ্ধ করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

পরগণ

উপ-সচিব (আইআইটি-২)।

শেখ মোঃ মোবারক হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(২৭৯)

মূল্য : টাকা ১.০০